



কেন্দ্রীয় বেখইরহাটি হাইস্কুলের প্রধান শিক্ষককে গ্রেফতার করার প্রতিবাদে সম্প্রতি উপজেলার বিভিন্ন স্কুলের ছাত্র-শিক্ষকরা ধর্মঘট পালন এবং বিক্ষোভ মিছিল বের করে — মোঃ শাহজাহান

শিক্ষক গ্রেফতারের প্রতিবাদে গলাচিপায় হরতাল

গলাচিপা, ১৯শে জুন (নিজস্ব সংবাদদাতা)।- স্থানীয় পুলিশ কর্তৃক একজন শিক্ষক গ্রেফতারের প্রতিবাদে আজ গলাচিপা সদরে শিক্ষক সমিতির আহবানে অর্ধদিবস হরতাল পালিত হয়েছে। গলাচিপা বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক অদিত্য নারায়ণ কুসুমকে গতকাল দুপুরে পুলিশ জেনৈক রমণী কর্মকার কর্তৃক দায়ের করা মামলায় গ্রেফতার করে। উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ ও গণ্যমান্য ব্যক্তিবর্গ আটক শিক্ষককে মুক্তি দেয়ার জন্য পুলিশ প্রশাসনের কাছে আবেদন জানায়। এর পরও মুক্তি দেয়া না হলে শিক্ষক সমিতি আজ হরতাল ও মিছিলের আহবান করে। উক্ত ঘোষণা মাইকে প্রচার করার সময় মোঃ সালাউদ্দিন নামে সবার অপর একজন শিক্ষক ৬ জন মাইক অপারেটরকেও পুলিশ গ্রেফতার করে। এর প্রতিবাদে আজ সারা শহরে অর্ধদিবস হরতাল পালিত হয়। পরে অধ্যাপক সন্তোষ কুমারের সভাপতিত্বে অনুষ্ঠিত এক প্রতিবাদ সভায় গলাচিপা পুলিশে ভারপ্রাপ্ত কর্মকর্তার অপসারণ দাবীতে আগামী তিনদিন সকল শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট আহবান করা হয়েছে।

প্রতিবাদ সভায় বক্তৃতা করেন নূরু ইসলাম, আবু তালেব মিয়া, এডভোকেট

আবদুল খালেক, এডভোকেট মতিউর রহমান খান, আবদুল হালিম মিয়া ও সালেম মিয়া।